



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
আদর্শ সদর, কুমিল্লা।




স্মারক নং-০৫.৪২.১৯৬৭.০০০.৪১.০০৫.২০- ৪০২

তারিখ: ২৮ চৈত্র ১৪২৮  
১১ এপ্রিল ২০২২

:-নোটিশ:-

এতদ্বারা সর্বসাধারণের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, কুমিল্লা জেলার আদর্শ সদর উপজেলাধীন কালীরবাজার ইউনিয়নের আওতাধীন ২০(বিশ) একর পর্যন্ত আয়তন বিশিষ্ট ধনুয়াখোলা পুকুর, ধনুয়াখোলা দিঘী, আনন্দপুর পুকুর বন্ধ শ্রেণীর জলমহালসমূহ সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর আলোকে ০৩ (তিন) বছর অর্থাৎ ১৪২৯-১৪৩১ বাংলা সন (১লা বৈশাখ হতে ৩০ চৈত্র) মেয়াদে ইজারা প্রদানের লক্ষ্যে স্থানীয়ভাবে সমবায় অধিদপ্তর/ সমাজসেবা অধিদপ্তরের নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতির নিকট থেকে অনলাইনে আবেদন দাখিলের লক্ষ্যে এ কার্যালয়ের ২৪/০২/২০২২ খ্রিস্টাব্দ তারিখের ০৫.৪২.১৯৬৭.০০০.৪১.০০৫.২০.১৮১নং বিজ্ঞপ্তি জারী করা হয়েছিল। উক্ত বিজ্ঞপ্তিতে অনলাইনে আবেদনের সময়সীমা ছিল ২৫ ফাল্গুন ১৪২৮ বাংলা পর্যন্ত। কিন্তু উক্ত সময়ে আদর্শ সদর উপজেলায় কোন জলমহালের বিপরীতে অনলাইনে কোন আবেদন জমা করেনি। ভূমি মন্ত্রণালয়, সায়রাত-১, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর ১০/০৪/২০২১ খ্রিস্টাব্দ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮০২০.০৯(অংশ-২)-২১নং স্মারক মোতাবেক ১৪২৮ বাংলা সনের ৩০ চৈত্র পর্যন্ত অনলাইনে আবেদনের সময়সীমা বৃদ্ধি করা হয়েছে।

এমতাবস্থায় আগ্রহী প্রার্থীগণকে বর্ণিত জলমহালগুলো ইজারা গ্রহণের জন্য এ কার্যালয় হতে পূর্বে জারীকৃত বিজ্ঞপ্তিতে উল্লেখিত শর্তাবলী অনুসরণক্রমে ১৪২৮ বাংলা সনের ৩০ চৈত্রের মধ্যে অনলাইনে আবেদন দাখিল করে প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদনের হার্ড কপি এ কার্যালয়ে দাখিল করার জন্য অনুরোধ করা হলো। এ কার্যালয় হতে পূর্বে জারীকৃত ২৪/০২/২০২২ খ্রিস্টাব্দ তারিখের ০৫.৪২.১৯৬৭.০০০.৪১.০০৫.২০.১৮১নং বিজ্ঞপ্তির সকল শর্ত অপরিবর্তিত থাকবে।

  
জাকিয়া আফরিন

উপজেলা নির্বাহী অফিসার

ও

আহবায়ক

উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি  
আদর্শ সদর, কুমিল্লা।

তারিখ: ২৮ চৈত্র ১৪২৮  
১১ এপ্রিল ২০২২

স্মারক নং-০৫.৪২.১৯৬৭.০০০.৩৪.০০২.২০- ৪০২ (০০)

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

- ০১। মাননীয় সংসদ সদস্য, কুমিল্লা-৬।
- ০২। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ০৪। জেলাপ্রশাসক, কুমিল্লা।
- ০৫। পুলিশ সুপার, কুমিল্লা।
- ০৬। সিভিল সার্জন, কুমিল্লা।
- ০৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন, কুমিল্লা।
- ০৮। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আদর্শ সদর, কুমিল্লা।
- ০৯। অতিরিক্ত জেলাপ্রশাসক (রাজস্ব), কুমিল্লা।
- ১০। রেভিনিউ ডেপুটি কালেক্টর, জেলাপ্রশাসকের কার্যালয়, কুমিল্লা।
- ১১। জেলা..... অফিসার, কুমিল্লা।
- ১২। সহকারী কমিশনার (ভূমি), আদর্শ সদর, কুমিল্লা।
- ১৩। অফিসার ইনচার্জ, কোতয়ালী মডেল থানা, কুমিল্লা। সংশ্লিষ্ট তারিখ ও সময়সূচি অনুযায়ী দরপত্র দাখিল, খোলা ও বাছাইকালে নিরাপত্তা বিধানে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স মোতায়েনের জন্য অনুরোধ করা হলো।
- ১৪। উপজেলা..... অফিসার, আদর্শ সদর, কুমিল্লা।
- ১৫। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, কর্পোরেট শাখা, কুমিল্লা।
- ১৬। চেয়ারম্যান ..... ইউনিয়ন পরিষদ, আদর্শ সদর, কুমিল্লা।